

‘দুই বছর পর নতুন ঢাকা উপহার দেব’

বাংলা ট্রিবিউন রিপোর্ট

২৪ অক্টোবর ২০১৬, ২০:৩৫

বিজ্ঞাপন



আনিসুল হক (পুরনো ছবি)

বিজ্ঞাপন

দুই বছর পর নগরবাসীকে নতুন ঢাকা উপহার দেওয়ার আশ্বাস দিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। তিনি বলেন, ‘ঢাকা শহর প্রতিদিন বদলাচ্ছে। একটি নিরাপদ, সবুজ, পরিচ্ছন্ন, মানবিক, স্মার্ট ও স্বাস্থ্যকর আবাসস্থল হিসেবে ঢাকা মহানগরীকে গড়ে তোলার লক্ষ্যে আমরা প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।’

জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস উপলক্ষে এক আলোচনা অনুষ্ঠানে মেয়র এসব বলেন। সোমবার দুপুরে বনানী বিদ্যালয়কেতন স্কুল অ্যান্ড কলেজে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি), ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর ও ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের যৌথ উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন ঢাকার বিভাগীয় কমিশনার হেলালুদ্দীন আহমদ।

বিজ্ঞাপন

মেয়র বলেন, ‘দেহের বিভিন্ন অঙ্গের মতো শহরটাকে পরিচ্ছন্ন রাখতে হলে নিজেদের আবাসস্থল এবং আশপাশের স্থান পরিষ্কার রাখতে হবে।’
নগরীর পরিবেশ বাসযোগ্য রাখতে প্রত্যেকের বাড়ির আঙ্গিনায় অন্তত একটি করে গাছ লাগানোর জন্য তিনি উপস্থিত শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

ডিএনসিসি’র প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মেসবাহুল ইসলাম বলেন, ‘সরকার সবার জন্য স্যানিটেশন নিশ্চিত করার ক্ষেত্রে অনেক এগিয়ে গেছে। দেশের প্রায় ৯০ ভাগ মানুষ স্যানিটেশনের আওতায় এসেছে।’ স্কুল-কলেজের শিক্ষা মানুষ সারাজীবন স্মরণ রাখে উল্লেখ করে তিনি হাত ধোয়াসহ অন্যান্য পরিচ্ছন্নতার অভ্যাস স্কুল থেকে শুরুর পরামর্শ দেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত) শহীদ ইকবাল, ঢাকার জেলা প্রশাসক মোহাম্মদ সালাহ উদ্দিন, ইউনিসেফের ওয়াশ স্পেশালিস্ট মো. শফিকুল আলম, স্থানীয় সরকার বিভাগের পরিচালক শেখ মুজিবুর রহমান, বনানী বিদ্যালয়কেতন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ লে. কর্নেল (অব.) মো. আসাদুজ্জামান এবং স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মো. মফিজুর রহমান।

আলোচনা অনুষ্ঠানের আগে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। মেয়র আনিসুল হক বেলুন উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন। আলোচনা শেষে মেয়রের নেতৃত্বে একদল শিক্ষার্থী সঠিক পদ্ধতিতে হাত ধোয়ার মাধ্যমে দিবসটি উদযাপন করেন। দেশব্যাপী অক্টোবর মাসটি জাতীয় স্যানিটেশন মাস হিসেবে পালিত হয়। ২০০৮ সাল থেকে বিশ্বব্যাপী ১৫ অক্টোবর হাত ধোয়া দিবস হিসেবে উদযাপিত হয়ে আসছে।

/ওএফ/এআরএল/

আরও পড়ুন:

[দ্বিতীয় টেস্টের নতুন মুখ মোসাদ্দেক-শুভাশীষ](#)

বিজ্ঞাপন

*** বাংলা ট্রিবিউন সব ধরনের আলোচনা-সমালোচনা সাদরে গ্রহণ ও উৎসাহিত করে। অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্য পরিহার করুন। এটা আইনত দণ্ডনীয় অপরাধ।